

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২০৬১

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ নির্দিষ্ট ব্যক্তি বা প্রাণীকে অভিসম্পাত করা নিষিদ্ধ

আরবী

عَنْ أَبِي زَيدٍ ثَابِتِ بِنِ الضَّحَّاكِ الأَنصَارِيِّ وَهُوَ مِنْ أَهلِ بَيْعَةِ الرِّضْوَانِ قَالَ : قَالَ وَمَنْ رَسُولُ اللهِ عَلَيْ مَنْ حَلَفَ عَلَى يَمِينٍ بِمِلَّةٍ غَيْرِ الإِسْلاَمِ كَاذِباً مُتَعَمِّداً فَهُوَ كَمَا قَالَ وَمَنْ قَتَلَ نَفْسَهُ بِشَيْءٍ، عُذِّبَ بِهِ يَومَ القِيَامَةِ، وَلَيْسَ عَلَى رَجُلٍ نَذْرٌ فِيمَا لاَ يَمْلِكُهُ وَلَعْنُ المُؤْمِنِ كَقَتْلِهِ مُتَّفَقٌ عَلَيْهِ

বাংলা

(২০৬১) আবূ যায়েদ সাবেত ইবনে যাহহাক আনসারী (রাঃ) হতে বর্ণিত, তিনি 'বায়আতে রিয্ওয়ান' (হুদাইবিয়াহ সন্ধির সময়ে কুরাইশের বিরুদ্ধে কৃত প্রতিজ্ঞার) অন্যতম সদস্য ছিলেন; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে ইসলাম ব্যতীত ভিন্ন ধর্মের মিথ্যা কসম খেল, তাহলে সে তেমনি হয়ে গেল, যেমন সে বলল। যে ব্যক্তি কোন বস্তু দ্বারা আত্মহত্যা করল, কিয়ামতের দিন তাকে সেই বস্তু দ্বারাই শাস্তি দেওয়া হবে। মানুষ যে জিনিসের মালিক নয়, তার মানত পূরণ করা তার পক্ষে জরুরী নয়। আর কোন মু'মিন ব্যক্তিকে অভিসম্পাত করা, তাকে হত্যা করার সমান।

ফুটনোট

(বুখারী ৬০৪৭, ৬১০৫, ৬৬৫২, মুসলিম ৩১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু সাবিত (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন